

## কলেজ বদলের ছাড়পত্র নিতে ৪৩ হাজার টাকা

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ।  
চট্টগ্রাম শিক্ষাবোর্ডে একাদশ শ্রেণীতে ভর্তির দুর্ভোগ এখনও কাটেনি। ভর্তি বদলের ছাড়পত্র বাবদ শিক্ষার্থীদের জনতে হচ্ছে মোটা অঙ্কের টাকা। এর মধ্যে চট্টগ্রামের বেসরকারী প্রতিষ্ঠান বিজ্ঞান কলেজ কর্তৃপক্ষ ছাড়পত্র বাবদ আদায় করছে প্রায় ৪৩ হাজার টাকা। ৩ আগস্ট বেসরকারী এই শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এ বিষয়ে চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে লিখিত অভিযোগ করে।

শিক্ষা ব্যয়-বাড়লে বাবার আয়ে টান পড়বে। পরিবারে আর্থিক সম্বলতা থাকবে না এমন আশঙ্কায় কলেজ বদল করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কলেজে ভর্তি হওয়ার সিদ্ধান্ত নেয় নগরীর চকবাজার এলাকার বেসরকারী বিজ্ঞান কলেজের শিক্ষার্থী সৈয়দ হাসনাত তানভীর। আসন খালি আছে বিষয়টি নিশ্চিত হয়ে কর্তৃপক্ষের কাছে ছাড়পত্র নেয়ার আবেদন করে এই শিক্ষার্থী। কর্তৃপক্ষ জানায়, ছাড়পত্র পেতে হলে পুরো দুই বছরের বেতন বাবদ প্রায় ৪৩ হাজার টাকা দিতে হবে। তবে বিজ্ঞান কলেজ কর্তৃপক্ষ বলছে, ৪২ হাজার টাকা দাবি করলেও পুরো টাকা দিতে হয় না। যেহেতু শিক্ষার্থীরা অন্য কলেজে চলে গেলে কলেজটিতে আসন খালি হয়ে যাবে, সেহেতু তারা ক্ষতিগ্রস্ত হবেন। তাই ক্ষতিপূরণ বাবদ কিছু টাকা ছাড়পত্রের মাধ্যমে তারা শিক্ষার্থীদের কাছ নিয়ে থাকেন। যোগাযোগ করা হলে কলেজটির প্রিন্সিপাল মোঃ জাহেদ খান বলেন, 'যারা অভিযোগ করেছে তাদের নাম আমাদের স্টুডেন্ট লিস্টে নেই। আমাদের বিরুদ্ধে প্রতিযোগিতায় নেমে অপর একটি বেসরকারী কলেজ এই জঘন্য কাজটি করছে।' শিক্ষা বোর্ডে করা অভিযোগটি প্রসঙ্গে তিনি বলেন, 'ছাড়পত্রের বিষয়ে সিদ্ধান্ত দেবে কলেজ, এখানে বোর্ডের করার কিছু নেই।'